গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা
www.doict.bandarban.gov.bd

নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ ছুরত আলম জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	**২৮ নভেম্বর ২০২৪ খ্রি.**
সভার সময়	**সকাল ১১.০০ ঘটিকা**
স্থান	জেলা আইসিটি অফিসারের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' ...

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নাগরিক সেবা নিশ্চিতকরণ ও শূন্য পদে জনবল বৃদ্ধির ব্যবস্থাকরণ	প্রযুক্তিনির্ভর বাংলাদেশ বির্নিমাণে তথ্য-প্রযুক্তির কার্যক্রম দিনদিন বৃদ্ধি পাচ্ছে কিন্তু সে তুলনায় অত্র অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের জনবল খুবই কম। জেলা ও উপজেলায় ৯টি পদের বিপরীতে মাত্র ৩জন কর্মকর্তা মূল দায়িত্বের পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। নাগরিক সেবা প্রদান ও তথ্য প্রযুক্তি চাহিদার বিষয়টি সর্বাধিক বিবেচনা করে জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত থাকার বিষয়টি গুরুত্ব দেয়া হয়।	ক) জনবল স্বল্পতার বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে। খ) জেলা ও উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সহজে ও দ্রুত সময়ে নাগরিক সেবা নিশ্চিত করতে হবে।	(১) জেলা আইসিটি অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। (২) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
০২	নথি সিস্টেম ব্যবহার করে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন	ডি-নথিতে ডাক উপস্থাপন ও পত্র প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। সভাপতি হার্ডফাইলে ডাক ও নথি উপস্থাপনের বিষয়টি নিরুৎসাহিত করেন।	ক) জেলা ও উপজেলা কার্যালয়ের সকল পত্র ডি-নথিতে নিষ্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) জেলা আইসিটি অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। (২) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা।

০৩	জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ	জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে পাশাপাশি অন্যান্য দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের বিষয়টি সভায় আলোচনা করা হয়। প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে উজেলা কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ পূর্বক প্রতিবেদন অত্র কার্যালয়ে এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার (www.soms.gov.bd) মাধ্যমে প্রেরণ করতে অনুরোধ করা হয়। অক্টোবর/২৪ মাসে বান্দরবান সদর, রোয়াংছড়ি, রুমা, ও লামা উপজেলা হতে তথ্য বাতায়ন হালনাগাদের প্রতিবেদন পাওয়া গেছে।	ক) জাতীয় তথ্য বাতায়নসমূহ নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে স্ব স্ব উপজেলা কার্যালয়ের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করে প্রতিবেদন অত্র কার্যালয়ে এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার (www.soms.gov.bd) মাধ্যমে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) জেলা আইসিটি অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। (২) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা। (৩) সহকারী নেটওয়ার্ক ইন্জিনিয়ার, জেলা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
০৪	আইসিটিডি ল্যাব পরিদর্শন	বান্দরবান পার্বত্য জেলায় ২২ টি আইসিটিডি ল্যাব ও ০১ (এক) টি স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। ল্যাব স্থাপনের সুফল ছাত্র-ছাত্রী ও স্থানীয় জনগনের নিকট পৌছানোর নিমিত্তে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক ডিজিটাল ল্যাব পরিদর্শন করে প্রতি মাসে ০৫(পাঁচ) তারিখের মধ্যে প্রতিবেদন অত্র কার্যালয়ে এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার (www.soms.gov.bd) মাধ্যমে প্রেরণ করার অনুরোধ করা হয়। ল্যাব চালু রাখতে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়। সভাপতি জানান, অক্টোবর/২৪ মাসে বান্দরবান সদর, রোয়াংছড়ি, লামা, আলীকদম ও নাইক্ষ্যংছড়ি উপজেলা হতে ল্যাব পরিদর্শনের প্রতিবেদন পাওয়া গেছে।	ক) ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন ও প্রতিষ্ঠান প্রধানগণকে কারিগরি পরামর্শন প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রতি মাসে ০৫(পাঁচ) তারিখের মধ্যে ল্যাব পরিদর্শন প্রতিবেদন অত্র কার্যালয়ে এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার (www.soms.gov.bd) মাধ্যমে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) জেলা আইসিটি অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। (২) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
০৫	উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক সভা আয়োজন	নিয়মিত উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক মাসিক সভা আয়োজন করতে হবে। সভা আয়োজন করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে অত্র কার্যালয় এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার (www.soms.gov.bd) মাধ্যমে প্রেরণ করার অনুরোধ করা হয়। সভাপতি জানান, অক্টোবর/২০২৪ মাসে বান্দরবান সদর, রোয়াংছড়ি ও লামা উপজেলা হতে সভার প্রতিবেদন পাওয়া গেছে।	ক) নিয়মিত উপজেলা পর্যায়ে মাসিক আইসিটি বিষয়ক সভা আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রতি মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে সভার কার্যবিবরণী অত্র কার্যালয়ে এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার (www.soms.gov.bd) মাধ্যমে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। গ) সভার কার্যবিবরণী স্ব স্ব তথ্য বাতায়নে আপলোড করতে হবে।	(১) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
০৬	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রবর্তন করা হয়েছে। এই চুক্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ, এ সকল কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ এবং এ সকল কার্যক্রমের ফলাফল পরিমাপের জন্য কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ বিধৃত রয়েছে। তাই জেলা কার্যালয়ের লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য এপিএ-তে বর্ণিত কার্যাবলীর প্রমাণকসমূহ সংরক্ষণ এবং যথাসময়ে জেলা কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রমাণক সমূহ জেলা কার্যালয়ে যথাসময়ে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) জেলা আইসিটি অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। (২) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা। ৩) সহকারী নেটওয়ার্ক ইন্জিনিয়ার, জেলা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।

০৭	ইনোভেশন	সভাপতি বলেন প্রযুক্তিনির্ভর বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে উপজেলা পর্যায়ের সকল সহকারী প্রোগ্রামারগণকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়ার উদ্যোগ গ্রহণ করতে এবং নতুন কোন ইনোভেশন থাকলে তা অত্র কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	ক) নতুন নতুন ইনোভেশন এর উদ্যোগ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) উপজেলা আইসিটি অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা। (২) সহকারী নেটওয়ার্ক ইন্জিনিয়ার, জেলা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
০৮	হার পাওয়ার প্রকল্পের মাধ্যমে নারীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ	তথ্য প্রযুক্তির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক **"হার পাওয়ার প্রকল্প: প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন"** প্রকল্পের মাধ্যমে বান্দরবান পার্বত্য জেলাধীন সদর, লামা ও রোয়াংছড়ি উপজেলায় ০৬ টি ক্যাটাগরিতে মোট ৫৮০ জন নারীকে ০৫ মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। "ওমেন ই-কমার্স প্রফেশনাল" মোট ৭৫জন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম ইতিমধ্যে শেষ হয়েছে এবং সকল প্রশিক্ষণার্থীদের মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়েছে। ২য় পর্যায়ে ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং, গ্রাফিক্স ডিজাইন এবং ওমেন কল সেন্টার এজেন্ট এর প্রশিক্ষণ গত ২০/০৫/২০২৪ তারিখ শুরু হয়েছে। লামা, রোয়াংছড়ি ও সদর উপজেলায় ১৩টি ব্যাচের ২৬৫ জন প্রশিক্ষণার্থীর মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়। ৩য় পর্যায়ে ওমেন আইটি সার্ভিস প্রোভাইডার কোর্সের প্রশিক্ষণ সদর, লামা ও রোয়াংছড়ি উপজেলায় শুরু হয়েছে। ১২টি ব্যাচের মোট ২৪০ জন প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ প্রদান করা হয়েছে।	ক) প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) উপজেলা আইসিটি অফিসার (সদর, লামা ও রোয়াংছড়ি), বান্দরবান পার্বত্য জেলা।

<table>
<tr>
<td>০৯</td>
<td>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) (১ম সংশোধিত) প্রকল্প:</td>
<td>ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় উপজেলা কমপ্লেক্স ভবনের ৫ম তলায় “ উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র)” গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখ নির্মাণ কাজের শুভ উদ্বোধন উপলক্ষ্যে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। বান্দরবান জেলা, সদর, নাইক্ষ্যংছড়ি, রুমা, থানচি, রোয়াংছড়ি ও লামা উপজেলায় ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।
“ উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র)” নির্মাণে উপজেলাসমূহের অগ্রগতি:
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>বিবরণ</th></tr>
<tr><td>সদর</td><td>ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে, অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td></tr>
<tr><td>লামা</td><td>ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে, অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td></tr>
<tr><td>রোয়াংছড়ি</td><td>উপজেলা কমপ্লেক্স এর মূল ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে।</td></tr>
<tr><td>রুমা</td><td>ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে, অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td></tr>
<tr><td>আলীকদম</td><td>উপজেলা কমপ্লেক্স এর মূল ভবনের নির্মাণ প্রক্রিয়াধীন।</td></tr>
<tr><td>নাইক্ষ্যংছড়ি</td><td>উপজেলা কমপ্লেক্স এর মূল ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে।</td></tr>
<tr><td>থানচি</td><td>নির্মাণ কার্যক্রম শুরু হবে।</td></tr>
</table>
খ) প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড সংযোগ: বান্দরবান পার্বত্য জেলাধীন সকল উপজেলায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে মোট ৬২৯টি সংযোগ স্থাপন করা হবে। ইতোমধ্যে বান্দরবান সদরে ১৯টি ও লামা উপজেলায় ১২টি প্রতিষ্ঠানে সংযোগ স্থাপন করা হয়েছে।</td>
<td>ক) “SET Center" নির্মাণ কাজের অগ্রগতি ও সার্বিক সহয়োগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
খ) প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড সংযোগ স্থাপনে সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১) সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয় (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
২। ফিল্ড আইটি টেকনিশিয়ান (সকল), বান্দরবান পার্বত্য জেলা।</td>
</tr>
</table>

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করার পাশাপাশি সাইবার সিকিউরিটি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯-১২-২০২৪
মোহাম্মদ ছুরত আলম
জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত)
০২৩৩৩৩০২২২৬
doictbban@gmail.com

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০৩০০.০০০.০৬.০০৩.২৩.৫৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। সিস্টেম ম্যানেজার, সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। উপ-পরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। উপজেলা আইসিটি অফিসার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
৫। ...., বান্দরবান পার্বত্য জেলা।

০৯-১২-২০২৪
মোহাম্মদ ছুরত আলম
জেলা আইসিটি অফিসার (ভারপ্রাপ্ত)